দৈনিক ইত্তেফাক

4

তারিখ 07 JUL 1987 পৃষ্ঠা 1 কলাম 2

২২শে আষাঢ় ১৩৯৪ বং

# রাজনৈতিক দলের মধ্যে ঐক্য আনিতে ছাত্র সংগঠনগুলি অগ্রণী ভূমিকা পালন করিতে পারে

—খালেদা জিয়া

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

২২টি ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের সহিত এক সাক্ষাৎকারে বাংলাদেশ জাতীয়তাবাদী দলের চেয়ারম্যান বেগম খালেদা জিয়া স্বৈরতন্ত্রের অবসান ও গণতন্ত্র প্রতিষ্ঠার লক্ষ্যে বিরোধী রাজনৈতিক দলগুলিকে ঐক্যবদ্ধ করার দায়িত্ব নেওয়ার জন্য ২২টি ছাত্র সংগঠনকে আহ্বান জানাইয়াছেন। তিনি বলেন, রাজনৈতিক দলগুলি দলীয় স্বার্থকে প্রাধান্য দিলেও ছাত্র সমাজ দেশ ও জনগণের স্বার্থকে সকলের উর্ধ্বে স্থান দিয়া থাকে। কাজেই রাজনৈতিক দলগুলিকে ন্যূনতম কর্মসূচীর ভিত্তিতে ঐক্যবদ্ধ করার প্রচেষ্টায় ছাত্র সংগঠনগুলি অগ্রণী ভূমিকা পালন করিতে পারিবে বলিয়া তিনি আশা প্রকাশ করেন।

গতকাল (সোমবার) বি, এন, পি কার্যালয়ে এই সাক্ষাৎকারে বেগম জিয়া দেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি ও গণতান্ত্রিক আন্দোলন সম্পর্কে ছাত্রনেতৃবৃন্দের সহিত মত বিনিময় করেন। এই অনুষ্ঠানে বাজেটে ছাত্রবেতন বৃদ্ধিসহ প্রত্যক্ষ ও পরোক্ষ কর আরোপের তীব্র প্রতিবাদ করিয়া তিনি বলেন, দেশের জনগণের উপর ৪১৬

( শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ )

## খালেদা জিয়া

(১ম পৃঃ পর)

কোটি টাকার কর প্রত্যাহারের দাবীতে সকল রাজনৈতিক দল ৩০শে জুন হরতাল পালন করিয়াছে। তিনি বলেন, আজ একথা প্রমাণিত হইয়াছে, সংসদে বসিয়া এ সরকারকে হটানো সম্ভব নয়। রাজপথে আন্দোলনের মাধ্যমে এ সরকারকে হটাইতে হইবে।

ঐক্যবদ্ধ আন্দোলনের উপর বিশেষ গুরুত্ব দিয়া তিনি বলেন, রাজনৈতিক দলগুলির অনৈক্যের সুযোগ লইয়া সরকার ক্ষমতায় টিকিয়া আছে। অথচ অতীতে আমরা যখনই ঐক্যবদ্ধ হইয়াছি তখনই সরকারের গদি টলটলায়মান হইয়াছে। আন্দোলনের ন্যূনতম কর্মসূচীর কথা উল্লেখ করিয়া তিনি বলেন, অবৈধ সরকারকে ক্ষমতায় রাখিয়া জনগণের দাবী আদায় সম্ভব নয়। কারণ গণতন্ত্রের প্রতি সরকারের শ্রদ্ধাবোধ নাই। সরকারের পদত্যাগ, সংসদ বাতিল, নির্দলীয় নিরপেক্ষ সরকারের তত্ত্বাবধানে অবাধ নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে একটি গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠার দাবীর আন্দোলনের প্রতি তিনি গুরুত্ব আরোপ করেন।

অনুষ্ঠানে বিএনপি মহাসচিব কে, এম ওবায়দুর রহমান এবং ২২টি ছাত্র সংগঠনের পক্ষে ছাত্রনেতা আখতারুজ্জামান, আসাদুজ্জামান রিপন, আমানুল্লাহ আমান, আবদুর রহমান, মোস্তফা ফারুক, আশরাফুল হক মুকুল, মোঃ তাহের উল্লাহ, কাজী আবদুল্লাহ আল-মামুন, জহিরুদ্দিন স্বপন, নাজমুল হক প্রধান, ইনায়েতুর রহিম, সাহাবুদ্দিন, এম, এ, জলিল, অনিল চন্দ্র মরণ, মীরাজুল ইসলাম আব্বাসী, শহীদুল ইসলাম, অমিতেশ রায় প্রমুখ উপস্থিত ছিলেন।